

২০২৪

বাংলা — সাম্মানিক

পঞ্চম সেমেস্টার

পত্র : DSE-A-1 and DSE-A-2

প্রাপ্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।

উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।

পত্র : DSE-A-1

(বাংলার সমাজ ও সংস্কৃতির ইতিহাস)

পূর্ণমান - ৬৫

- ১। (ক) সংক্ষেপে বাঙালি জাতির নৃতাত্ত্বিক পরিচয় লিপিবদ্ধ করো। ১০  
অথবা,  
(খ) বাংলার সমাজ ও সংস্কৃতিতে চৈতন্যদেবের গুরুত্ব কতখানি সে সম্পর্কে আলোচনা করো। ১০
- ২। (ক) নীল বিদ্রোহের প্রেক্ষাপটটি আলোচনা করে এই আন্দোলনের গুরুত্ব সম্পর্কে সংক্ষেপে আলোকপাত করো। ১০  
অথবা,  
(খ) উনবিংশ শতকে বঙ্গদেশে মুক্তচিন্তার বিকাশে তিরোজিও-র প্রভাব সম্পর্কে আলোচনা করো। ১০
- ৩। (ক) স্বাধীনতা-পূর্ববর্তী ভারতবর্ষে বাঙালি মুসলমানের স্বতন্ত্র জাতিসত্তা বিকশিত হওয়ার কারণগুলি সংক্ষেপে আলোচনা করো। ১০  
অথবা,  
(খ) বাংলার রাজনৈতিক আন্দোলনের ইতিহাসে নকশাল আন্দোলনের গুরুত্ব বিচার করো। ১০
- ৪। (ক) প্রাচীন বাংলার যে-কোনো একটি উল্লেখযোগ্য জনপদ সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো। ৫  
অথবা,  
(খ) ইলিয়াশ শাহি বংশ সম্পর্কে সংক্ষিপ্ত আলোচনা করো। ৫
- ৫। (ক) 'স্কুল বুক সোসাইটি' প্রতিষ্ঠার উদ্দেশ্য সম্পর্কে আলোকপাত করো। ৫  
অথবা,  
(খ) টীকা লেখো — আঞ্চলিক সভা। ৫

Please Turn Over

(0745+0746)

- ৬। (ক) বাঙালি জীবনে দেশভাগের প্রভাব সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো। ৫
- অথবা,
- (খ) বাহাঘর ভাষা আন্দোলনের তাৎপর্য সংক্ষেপে লেখো। ৫
- ৭। যে-কোনো একটি বিষয়ে সংক্ষিপ্ত আলোচনা করো। ৫×১
- (ক) মাৎস্যন্যায়, (খ) ব্রাহ্মসমাজ, (গ) বরাক উপত্যকার ভাষা আন্দোলন।
- ৮। সংক্ষেপে পূর্ণবাক্যে উত্তর লেখো। ১×১৫
- (ক) 'আদিনা মসজিদ' কে নির্মাণ করেন?
- (খ) লক্ষণসেনের রাজধানীর নাম কী ছিল?
- (গ) বঙ্গদেশে কত খ্রিস্টাব্দে তুর্কি আক্রমণ হয়েছিল?
- (ঘ) বঙ্গদেশের কোন রাজা 'বিক্রমশীল' উপাধি গ্রহণ করেছিলেন?
- (ঙ) বাংলাভাষায় লেখা চৈতন্যদেবের শ্রেষ্ঠ জীবনীগ্রন্থ কোনটি?
- (চ) কবে সতীদাহ প্রথা রদ করা হয়?
- (ছ) কে রাজা রামমোহন রায়কে 'ভারত পথিক' উপাধিতে ভূষিত করেছিলেন?
- (জ) 'রামতনু লাহিড়ী ও তৎকালীন বঙ্গসমাজ' গ্রন্থের রচয়িতা কে?
- (ঝ) কলিকাতা মেডিকেল কলেজ কত খ্রিস্টাব্দে প্রতিষ্ঠিত হয়?
- (ঞ) ফকির বিদ্রোহের একজন নেতার নাম লেখো।
- (ট) 'কেয়া পাতার নৌকো' উপন্যাসের লেখক কে?
- (ঠ) রবীন্দ্রনাথের কোন উপন্যাসে বয়কট ও স্বদেশী আন্দোলনের প্রসঙ্গ আছে?
- (ড) জঙ্গল সীণ্ডালের নাম কী জন্য বিখ্যাত?
- (ঢ) 'মতুয়া মহাসংঘ' সর্বপ্রথম কোথায় প্রতিষ্ঠিত হয়েছিল?
- (ণ) ১৯৫২ সালের ভাষা আন্দোলনের যে-কোনো একজন শহীদের নাম লেখো।

পত্র : DSE-A-2

(বাংলাদেশের সাহিত্য)

পূর্ণমান - ৬৫

- ১। (ক) 'সূর্য দীঘল বাড়ি' বস্তুত জীবন ও সমাজের প্রতিকূলতার বিরুদ্ধে এক নারীর লড়াই।— কথাটি কতদূর সমর্থনযোগ্য তা আলোচনা করে বুঝিয়ে দাও। ১০

অথবা,

- (খ) আখতারুজ্জামান ইলিয়াসের 'যুগলবন্দী' গল্পে মধ্যবিত্তের দ্বন্দ্বিক ভাষা কীভাবে উঠে এসেছে তা আলোচনা করো। ১০

- ২। (ক) 'সোনালী কাবিন' কবিতায় কবি আল মাহমুদের রোমান্টিক দৃষ্টিভঙ্গির সঙ্গে মিশে আছে লোকায়ত সংস্কৃতির উপাদান।— আলোচনা করো। ১০

অথবা,

- (খ) 'কবর' নাটকে মুর্দা-ফকির চরিত্রটির গুরুত্ব বিশ্লেষণ করো। ১০

- ৩। (ক) 'মুসলমানদের স্বদেশ প্রত্যাভর্তন' প্রবন্ধ অনুসারে মুসলমানদের পরিবর্তিত মানসিকতার ওপর আলোকপাত করো। ১০

অথবা,

- (খ) "মুসলমানি বাংলা বলে কিছু ছিল না, নেই এবং ভবিষ্যতেও থাকবে না।"— আহমদ শরীফের এই মন্তব্য কতদূর প্রতিষ্ঠিত হয়েছে 'ভাষা সংস্কার ও বাঙালি চেতনার বিকৃতি' অবলম্বনে আলোচনা করো। ১০

- ৪। (ক) 'সূর্য দীঘল বাড়ি' উপন্যাসে পঞ্চাশের মনস্তত্ত্বের প্রভাব সম্পর্কে লেখো। ৫

অথবা,

- (খ) 'আম্বাজা ও একটি করবী গাছ'— গল্পে করবী গাছের ভূমিকা সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো। ৫

- ৫। (ক) 'বাতাসে লাশের গন্ধ' কবিতায় রুহ মহম্মদ শহীদুল্লাহ কেন জাতির পতাকাকে ধর্ষিতা বোনের শাড়ির সঙ্গে তুলনা করেছেন তা আলোচনা করো। ৫

অথবা,

- (খ) "এ লাশের গন্ধ অন্য রকম। ওষুধের, গ্যাসের, বারুদের গন্ধ।"— কোন প্রেক্ষিতে মুর্দা ফকিরের এই উক্তি আলোচনা করো। ৫

- ৬। (ক) 'বাংলাদেশ : পালিয়ে বেড়ায়, দৃষ্টি এড়ায়' প্রবন্ধে বর্ণিত লেখকের অভিজ্ঞতার যে-কোনো একটির পরিচয় দাও। ৫

অথবা,

- (খ) হিন্দু মুসলমানের ব্যবধানকে অস্বীকার করার ফল কী হয়েছিল? ৫

Please Turn Over

(0745+0746)

৭। (ক) 'সূর্য দীঘল বাড়ি' উপন্যাসে স্বাধীনতার স্বপ্ন কীভাবে আশাভঙ্গে পরিণত হল আলোচনা করো। ৫

অথবা,

(খ) 'স্বাধীনতা তুমি'— কবিতায় কবি স্বাধীনতাকে কেন পুকুরে গ্রাম্য মেয়ের অবাধ সাঁতারের সঙ্গে তুলনা করেছেন? ৫

অথবা,

(গ) "নতুন একটা দ্বিজাতিতন্ত্রের বিকাশ শুরু হল বাঙালীদের মধ্যে"— প্রসঙ্গ উল্লেখ করে উদ্ধৃতাংশটির তাৎপর্য লেখো। ৫

৮। সংক্ষেপে পূর্ণবাক্যে উত্তর দাও।

১×১৫

- (ক) 'সূর্য দীঘল বাড়ি' উপন্যাসের প্রকাশকাল কত?
- (খ) জয়ধ্বনের দুই সন্তানের নাম লেখো।
- (গ) শফীর যে ভাই দুর্ভিক্ষের সময় হারিয়ে গিয়েছিল তার নাম কী?
- (ঘ) 'সুন্দর মানুষ' গল্পে কোন মহামানবের কথা বলা হয়েছে?
- (ঙ) বিকালে আসগর ফিটফিট হয়ে আসে কেন?
- (চ) 'মহাকাল' বলতে কোন সময়কে চিহ্নিত করেছেন লেখক?
- (ছ) 'কিংবদন্তী' শব্দের অর্থ কী?
- (জ) 'জাহাজ' শব্দটি কীসের প্রতীক?
- (ঝ) মহাদেব সাহা কাদের সাথে 'জরুরি আলোচনা' করতে চেয়েছেন?
- (ঞ) 'কবর' নাটকটি কোন ঘটনার প্রেক্ষিতে লেখা?
- (ট) "আমরা মরিনি। আমরা মরতে চাইনি। আমরা মরবো না।"— আমরা কারা?
- (ঠ) 'অভিভাষণ' প্রবন্ধটি কোথায়, কবে পাঠ করা হয়েছিল?
- (ড) উচ্চশ্রেণির মুসলমানেরা কোন জাতিতন্ত্র প্রচার করতেন?
- (ঢ) 'Poems of East Bengal' কোন সালে প্রকাশিত?
- (ণ) সাহোবর প্রস্তাব কবে গৃহীত হয়?